

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখাঃ কারিগরি-১
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০০৬.২০১৮-৪৯৫

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
২১ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), জনাব মোঃ হাসমত আলী বিগত ২৫/১২/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উক্ত প্রতিষ্ঠানের ইলেকট্রিক্যাল ল্যাবরেটরি কক্ষে ২০১৭ সালের ৯ম শ্রেণীর বোর্ড ফাইনাল পরীক্ষার কৃষি শিক্ষা-১ বিষয়ের ৪০৯টি উত্তরপত্র নিজে মূল্যায়ন না করে ২৩ জন ছাত্র দ্বারা মূল্যায়নের অভিযোগে জনাব মোঃ হাসমত আলী, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ১১ এর উপবিধি (১) বিধি অনুযায়ী সাময়িকভাবে বরখাস্ত (Suspension) করা হয়। অতঃপর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মতে ‘অসদাচরণ’ এর অভিযোগে অভিযুক্ত করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে জনাব মোঃ হাসমত আলী এর দাখিলকৃত জবাব এবং বিগত ০৮/০৪/২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি পর্যালোচনায় তা সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ হাসমত আলী, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫, এর বিধি ৩ (বি) মতে ‘অসদাচরণ’ এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ১১ এর উপবিধি (১) বিধি অনুযায়ী সাময়িকভাবে বরখাস্তের আদেশ প্রত্যাহার করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। এমতাবস্থায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মতে ‘অসদাচরণ’ এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), জনাব মোঃ হাসমত আলী কে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ০৭ জানুয়ারি ২০১৮ তারিখের ১৭ নং স্মারকে জারিকৃত সাময়িকভাবে বরখাস্তের আদেশ প্রত্যাহার করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল। একই সাথে ভবিষ্যতে দায়িত্ব পালনের ক্ষেত্রে আরো সতর্কতা অবলম্বন করতে হবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


স্বাক্ষরিত/-
(মোঃ আলমগীর)
সচিব

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০০৬.২০১৮-৪৯৫

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
১১ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
(মোঃ হাসমত আলী এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। মাননীয় প্রতি মন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা
- ০৫। অধ্যক্ষ, চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল ও কলেজ, চুয়াডাঙ্গা।
- ০৬। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। জনাব মোঃ হাসমত আলী, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, চুয়াডাঙ্গা।



(মোঃ আব্দুল্লাহ)

উপসচিব (কারিগরি-১)

ফোনঃ ৯৫৮৪৬৬৬

sastec1@tmed.gov.bd